# Times Today BD

সংগীত কুমার | ক্যাম্পাস | 24 May, 2025

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) শহীদ জিয়াউর রহমান হলে প্রভোস্ট অধ্যাপক ড. আব্দুল গফুর গাজীর সঙ্গে হলের আবাসিক ও অনাবাসিক শিক্ষার্থীদের এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।শনিবার (২৪ মে) বিকেল সাড়ে ৫টায় হলের রিডিং রুমে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় শিক্ষার্থীরা হলের নানা সমস্যা তুলে ধরেন ও উন্নয়নের জন্য বেশ কিছু প্রস্তাবনা দেন। তাঁদের আলোচনায় উঠে আসে—হলের খাবারের মানোন্নয়ন, রান্নাঘরের স্বাস্থ্যকর পরিবেশ নিশ্চিতকরণ, টয়লেটের পাইপলাইন সমস্যা সমাধান, বাগান ও ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন, ওয়াশরুমের পরিচ্ছন্নতা, নিরাপত্তায় প্রতিটি ব্লকে সিসিটিভি স্থাপন, ইন্টারনেট সেবার মানোন্নয়ন এবং উন্নত পাঠাগারের ব্যবস্থা।

তারা আরও বলেন, অ্যালটমেন্ট জটিলতা নিরসন, নিরবিচ্ছিন্ন জেনারেটর সংযোগ, ছুটির দিনেও হল খোলা রাখা, আবাসিক-অনাবাসিক শিক্ষার্থীদের জন্য এক মূল্যের বিশেষ খাবার সরবরাহ, বিসিএস কর্নার স্থাপন, মাদকমুক্ত পরিবেশ, স্মার্ট কার্ড চালু, গণরুম সংস্কৃতি বন্ধ এবং হল মসজিদের সংস্কার ও সম্প্রসারণ জরুরি হয়ে পড়েছে।

সভায় প্রভোস্ট অধ্যাপক ড. আব্দুল গফুর গাজী বলেন, “শুধু শিক্ষার্থীদের সেবা করার প্রত্যয়ে আমি হলের দায়িত্ব নিয়েছি।কোনো সমস্যা থাকলে সরাসরি আমাকে জানাবে।”

তিনি আরও বলেন, “প্রয়োজনে দাবি আদায়ে আমাকে হলে আটকে রাখবে।২০২৫ সালের মধ্যে হল অ্যালামনাইদের নিয়ে একটি মিলনমেলার আয়োজন করা হবে, যাতে পুরনো-

নতুনদের মধ্যে সেতুবন্ধন গড়ে ওঠে। খাবারের মান উন্নয়নের জন্য শিক্ষার্থীদের অংশগ্রহণে মেনু ও ব্যবস্থাপনা পরিচালিত হবে।”

প্রভোস্ট

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:35

URL: https://www.timestodaybd.com/campus/2887959